ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৯৫৪
খোয়াই, ২৭ নভেম্বর, ২০২৪

**ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান**
**তুলাশিখর ব্লকে বিশেষ শিবির**

ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযানে গত ২৫ নভেম্বর তুলাশিখর ব্লকের সহদাস বৈষ্ণবাড়ি উচ্চ বুনিয়াদি বিদ্যালয়ে বিশেষ শিবির অনুষ্ঠিত হয়। জনজাতি সম্প্রদায়ের জনগণের কাছে বিভিন্ন সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা পৌঁছে দিতে এই বিশেষ শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন মহকুমা শাসক চারু ভার্মা, খোয়াই মহকুমা প্রশাসনের আধিকারিকগণ, তুলাশিখর ব্লকের আধিকারিকগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৬০টি পিআরটিসি, ৬২টি এসটি, ১২০টি আরওআর, ১১টি ইনকাম, ১২টি ম্যারেজ ও ১০টি বার্থ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া শিবিরে ৫৩ জনের আধার কার্ড আপডেট করা হয়। শিবিরে প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ১৯ জন প্রাণীপালকের গবাদি প্রাণীর চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়।

*****